

## শেকুবি ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, আটক ২

### ■ শেকুবি প্রতিনিধি

পরীক্ষা শুরু আগের পেরেবাংলা কবি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে অভিযোগ করেছেন পরীক্ষায়/দায়িত্বরত শিক্ষক, পরীক্ষার্থী ও অভিভাবকরা। বিশ্বকম্পা ও নানা অব্যবস্থাপনায় অনুষ্ঠিত এ ভর্তি পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রে মোবাইলে প্রোগ্রামের আদান-প্রদানের ঘটনা ঘটেছে। প্রবেশ-মুহুর্তের মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ায় ২ জনকে আটক করা হয়েছে। তবে প্রশ্নপত্র জালিয়াতির সঙ্গে জড়িত এক পরীক্ষার্থীকে শাস্তি করার পরও কোনো ব্যবস্থা না নিয়েই ছেড়ে দেওয়া হয়। আটক ব্যক্তিদের সঙ্গে কথা বলতে গেলে প্রশাসন বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা চালিয়েছে।

বিভিন্ন কেন্দ্রে ঘুরে জানা যায়, বিকেল সাড়ে ৩টার সময় শুরু হওয়া এ পরীক্ষার প্রোগ্রামের ২টা ৪৭ মিনিটে বিভিন্ন শিক্ষার্থীর মোবাইলে পাওয়া যায়। যা পরে ভর্তি পরীক্ষার প্রশ্নের সঙ্গে মিলে যায়। ডেঙ্গাগাঁও কলেজে বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকদের পরিদর্শন করার অনুমতি থাকলেও ভেতরে কাউকেই ঢুকতে দেওয়া হয়নি। তবে সেখানে ডেঙ্গাগাঁও কলেজের ছাত্রলীগ কর্মীদের বাধা দেওয়া হয়নি। নাম প্রকাশ না করার শর্তে বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষক বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকরা এ ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসে সরাসরি জড়িত।

পরীক্ষার্থী সূত্রে জানা যায়, বিভিন্ন কেন্দ্রে শিক্ষার্থীদের সঙ্গে বিভিন্ন আচরণ করা হয়েছে। মিরপুর গার্লস আইডিয়াল প্যাবরেটরি ইনস্টিটিউট কেন্দ্রে ক্যালকুলেটর ব্যবহার করার অনুমতি দিলেও তা ডেঙ্গাগাঁও কলেজে দেওয়া হয়নি। ডেঙ্গাগাঁও কলেজে যো. মারুফ বিল্লাহ নামে এক পরীক্ষার্থী কেন্দ্রে মোবাইল ব্যবহার করার সময় তাকে আটক করা হয়। পরে তার মোবাইলে ভর্তি পরীক্ষার প্রোগ্রামের পাওয়া গেলে তাকে আটক করা হয়। একই অভিযোগে গার্লস আইডিয়াল প্যাবরেটরি ইনস্টিটিউট কেন্দ্রে নাদিয়া আফরিন নামের এক মেয়েকেও আটক করা হয়।

মিরপুর বাঙলা কলেজে ছাত্রলীগ নেতাকর্মীরা পরীক্ষাকেন্দ্রে ঢুকে সরাসরি হস্তক্ষেপ করেছেন বলেও শিক্ষকরা অভিযোগ করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. শাদাত উল্লাহ বলেন, পরীক্ষা বাতিল করা হবে না। তবে প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।